

Telephone Conversation between PM and the President of the Republic of France

March 31, 2020

প্রধানমন্ত্রী এবং ফরাসি প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

মার্চ 31, 2020

আজ মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে ফরাসি প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য ইমান্যুয়েল ম্যাকরের টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

চলতে থাকা কোভিড-19 অতিমারিতে মৃত মানুষদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী মহামান্য রাষ্ট্রপতি ম্যাকরের কাছে শোক জ্ঞাপন করেছেন। দুই নেতাই এই সংকটের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক দিকগুলি নিয়ে আলোচনা করেছেন এবং এই পরিস্থিতিতে বিশ্বব্যাপী সহযোগিতা এবং মতৈক্যের গুরুত্বের উপর জোর দিয়েছেন। তারা সহমত হয়েছেন যে দুই দেশের বিশেষজ্ঞ দল ভাইরাস সংক্রমণ রোধের পদ্ধতি, চিকিৎসা সংক্রান্ত গবেষণা এবং ভ্যাকসিন সংক্রান্ত খবরা খবর নিয়ে সক্রিয়ভাবে পারস্পারিক বিনিময় করবে।

মহামান্য ফরাসি রাষ্ট্রপতি মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গির সাথে জোরাল ভাবে সহমত হয়েছেন যে কোভিড-19 সঙ্কট আধুনিক ইতিহাসের একটি সন্ধিকাল এবং তা পৃথিবীর সামনে নতুন মনুষ্যকেন্দ্রিক বিশ্বায়নের ধারণা গঠনের সুযোগ এনে দিয়েছে।

বিশ্বের অন্যান্য প্রয়োজনীয় বিষয় যেমন জলবায়ু পরিবর্তন যা মানবজাতিকে সামগ্রিক ভাবে প্রভাবিত করে সেগুলি যাতে অগোচরে না চলে যায় তার গুরুত্বের উপর দুই নেতাই জোর দিয়েছেন। বর্তমান সঙ্কটকালে আফ্রিকা সহ কম উন্নত দেশগুলির প্রয়োজনের বিষয়ে বিশেষ মনযোগ নিয়োজিত করার গুরুত্বের উপরেও তারা জোর দিয়েছেন।

অতিমারির কারণে ঘরবন্দী জনগনের মানসিক ও শারীরিক সুস্থতা নিশ্চিত করতে যোগার অনুশীলন সুবিধাজনক, মাননীয় প্রধানমন্ত্রীর এই প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি ম্যাকর সাদরে গ্রহণ করেছেন। তিনি নিশ্চিত করেছেন যে বর্তমান স্বাস্থ্য সঙ্কটকালে নতুন নতুন যোগা অনুশীলনকারী আসছেন।

বর্তমান কঠিন সময়ে মনুষ্যকেন্দ্রিক মতৈক্যের নৈতিক দৃষ্টভঙ্গি এগিয়ে নিয়ে যেতে ভারত ও ফ্রান্সের অংশীদারিত্ব অবদান রাখতে পারে বলে উভয় নেতাই সহমত হয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 31,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.